

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 সমন্বয় শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

২২-০৭-১৪২৩

নং-৩৪.০০.০০০০.০৪৩.০৪৮.২০১২(অংশ-২)- ৩২৬

তারিখ : -----

০৬-১১-২০১৬

বিষয় : মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচী বাস্তবায়ন প্রসংগে।

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২০১৬/৯৮, তারিখ : ১৮-০৯-২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) ফুটবল : মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে ১৬ই ডিসেম্বর/২০১৬ তারিখে প্রতিটি জেলায় প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রাক্তন জাতীয় ফুটবল খেলোয়াড়দের সমন্বয়ে প্রীতি ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত বাংলাদেশ ফুটবল ফেডারেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (খ) ক্রিকেট : মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে ১৬ই ডিসেম্বর/২০১৬ তারিখে মিরপুরস্থ শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে প্রাক্তন জাতীয় ক্রিকেট খেলোয়াড়দের সমন্বয়ে T-20 ক্রিকেট খেলা আয়োজনের বিষয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উক্ত খেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখার ও প্রচারের ব্যবস্থা করতে হবে।
- (গ) কাবাডি : মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে ১৬ই ডিসেম্বর/২০১৬ তারিখে ঢাকাস্থ বাংলাদেশ কাবাডি স্টেডিয়ামে লীগ/নক আউট পদ্ধতিতে কাবাডি টুর্নামেন্ট আয়োজনের বিষয়ে বাংলাদেশ কাবাডি ফেডারেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া প্রত্যেক বিভাগীয় শহরে যাতে কাবাডি খেলার আয়োজন করা যায় সে ব্যাপারে বাংলাদেশ কাবাডি ফেডারেশন ও সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঘ) নৌকা বাইচ : মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে ১৬ই ডিসেম্বর/২০১৬ তারিখে রাজধানীর হাতির ঝিলে বিকেল বেলা নৌকা বাইচ আয়োজনের বিষয়ে বাংলাদেশ রোইং ফেডারেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

Handwritten signature

(মোঃ আলী হায়দার)

সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৯

বিতরণ :

- ১। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থা, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/ররিশাল/চট্টগ্রাম/ময়মনসিংহ/রংপুর।
- ২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ক্রীড়া সংস্থা (সকল জেলা)।
- ৩। সভাপতি, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, মিরপুর-২, ঢাকা।
- ৪। সভাপতি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে ভবন, ক্লাব প্যাভেলিয়ন, মতিঝিল, ঢাকা।
- ৫। সভাপতি, বাংলাদেশ রোইং ফেডারেশন, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ভিআইপি গেট-৩, রুম নং-৩৩, ২য় তলা, ঢাকা।
- ৬। সভাপতি, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, কাবাডি স্টেডিয়াম, পল্টন, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।